বিশেষায়িত কার্যক্রমগুলি অটিজম স্পেকট্রাম ডিসওর্ডার (ASD)-এ আক্রান্ত শিক্ষার্থীদের, মেধাগতভাবে অক্ষম শিক্ষার্থীদের, এবং সেই সব শিক্ষার্থী যাদের দ্বিভাষিক বিশেষ শিক্ষার প্রয়োজন সেই সব শিক্ষার্থীদের অভিষ্ঠ পরিষেবা এবং সহায়তা প্রদান করে। সকল স্কুলে বিশেষায়িত কার্যক্রমগুলি উপলভ্য নয়, এবং শিক্ষার্থীদের অবশ্যই নির্দিষ্ট যোগ্যতা অর্জনকারী আবশ্যকতাগুলিকে পূরণ করতে হবে। অতএব, যে শিক্ষার্থীরা একটি বিশেষায়িত প্রোগ্রামের সাথে যুক্ত রয়েছেন বা হাই স্কুলের জন্য একটি বিশেষায়িত প্রোগ্রামের প্রবেশ করছেন, তাদের উচিৎ সেই সব কমিউনিটি স্কুলগুলি যেগুলিতে শিক্ষার্থীদের প্রয়োজনগুলি শ্রেষ্ঠভাবে পূরণ করার জন্য কার্যক্রমগুলি আছে বলে CSE মান্যতা দিয়েছে সেগুলিতে আবেদন করা নিশ্চিত করতে নিয়মিত হাই স্কুল আবেদনগুলি সম্পূর্ণ করার জন্য তাদের সহায়তা উপদেষ্টার সাথে কাজ করা। শিক্ষার্থীরা একটি বিশেষায়িত প্রোগ্রামের প্রস্তাব এবং একটি কমিউনিটি হাই স্কুলের প্রস্তাব দুটোই লাভ করতে পারেন। এই ক্ষেত্রগুলিতে, শিক্ষার্থী এবং তাদের পরিবারকে অত্যন্ত সতর্কতার সাথে বিবেচনা করতে হবে যে কোন কার্যক্রমটি শিক্ষার্থীর শিক্ষাগত ব্যক্তিগত লক্ষ্যকে সবথেকে ভালভাবে পূরণ করে। বিশেষায়িত কার্যক্রমগুলির সম্বন্ধে অতিরিক্ত পাওয়ার জন্য নিম্নলিখিতগুলি দেখুন। আবেদন করার প্রক্রিয়া সম্বন্ধে

অক্ষম শিক্ষার্থীদের পরিবারের জন্য হাই স্কুলে ভর্তির প্রক্রিয়া

তথ্যের জন্য আপনি http://schools.nyc.gov/Academics/SpecialEducation/enrolling/specializedprograms/default.htm এই ওয়েবসাইটটিও পরিদর্শন করতে পারেন অথবা specializedprograms@schools.nyc.gov এই ইমেল ঠিকানায় ইমেল করতে পারেন।

- **কিছু কমিউনিটি স্কুলের মধ্যে ASD নেস্ট এবং ASD হরাইজন** প্রোগ্রামগুলি প্রদান করা হয় যার মধ্যে অন্তর্ভূক্ত হল একটি থেরাপিউটিক উপাদান, একটি একাধিক- নিয়মানুবর্তিতামুলক দলের দ্বারা সমন্বিত এবং উপলব্ধ।
- **অ্যাকাডেমিক্স, কেরিয়ার, এসেনশিয়াল স্কিলস প্রোগ্রাম ফর স্টুডেন্টস উইথ ইন্টেলেকচুয়্যাল ডিজএবেলিটিজ** (**ACES-ID**) কিছু কমিউনিটি স্কুলে সেই সব যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থীদের প্রদান করা হয় যাদের বিশেষ শিক্ষা কমিটি পূর্বেই "মেধাগতভাবে অক্ষম" হিসাবে চিহ্নিত করেছেন। এই শিক্ষার্থীরা নির্দিষ্টভাবে নিউ ইয়র্ক স্টেট অলটারনেট অ্যাসেসমেন্টস (NYSAA)-এ অংশগ্রহণ করেন।
- **দ্বিভাষিক বিশেষ শিক্ষা কার্যক্রমগুলি সেই সব শিক্ষার্থীদের প্রদান করা হয় যাদের** IEPs **ইংরেজি ভাষার দক্ষতা বিকাশ ঘটছে এমন শিক্ষার্থীদের প্রয়োজন পূরণ করতে বিকল্প ভাষাতে বিশেষ শিক্ষা সহায়তা এবং পরিষেবা সুপারিশ করে। বর্তমানে, দ্বিভাষিক বিশেষ শিক্ষা কার্যক্রমগুলি স্পেনীয়, চীনা এবং ইদ্দিশ ভাষাতে প্রদান করা হচ্ছে।**

চলাফেরা করতে অপারগ এমন শিক্ষার্থীদের জন্য ফাংশানালি অ্যাকসেসেবল স্কুল বা কার্যক্রমগুলি

চলাফেরা করতে অক্ষম এমন শিক্ষার্থীরা যাতে তাদের স্কুলের প্রয়োজনীয় অংশগুলিতে প্রবেশ করতে পারে এবং সেগুলি ব্যবহার করতে পারে তা নিশ্চিত করার জন্য সম্পূর্ণ বা আংশিকভাবে ব্যবহারযোগ্য ভবন উপলব্ধ আছে। ব্যবহারযোগ্য স্কুলগুলির একটি তালিকা স্পেস এবং প্ল্যানিং দপ্তরের ওয়েবসাইটে http://schools.nyc.gov/Offices/OSP/Accessibility.htm দেখতে পাওয়া যেতে পারে। NYC *পাবলিক হাই স্কুলগুলির ডায়রেক্টরিগুলিতেও* সাইটের ব্যবহারযোগ্যতা বর্ণনা করা আছে। ব্যবহারযোগ্যতার মাত্রা নির্দিষ্ট চলাফেরার অক্ষমতা সম্বন্ধীয় প্রয়োজনগুলিকে পূর্ণ করতে পারবে কিনা তা নির্ধারণ করার জন্য আবেদন করার আগে শিক্ষার্থী এবং পরিবারগুলিকে স্কুলের সাথে যোগাযোগ করতে এবং স্কুল পরিদর্শন করতে উৎসাহিত করা হচ্ছে।

বিশেষায়িত স্কুলের শিক্ষার্থীগণ (জেলা 75)

নিউ ইয়র্ক শহরে, অক্ষম শিক্ষার্থীদের বিশেষায়িত স্কুলগুলি জেলা **75** পরিচালনা করে। হাই স্কুলে স্থানান্তরিত হওয়াটা এমন একটা সময় যখন পরিবার সহ অনেক **CSE** দল, যদি যথাযথ হয় তাহলে একটি কমিউনিটি স্কুলের মধ্যে আরও বেশি বিস্তৃত প্রোগ্রামে স্থানান্তরিত করার কথা বিবেচনা করেন। জেল **75** স্কুলগুলির সম্বন্ধে আরও তথ্য পাওয়ার জন্য অনুগ্রহ করে www.nyc.gov/schools/Offices/District75 ওয়েবসাইটটি পরিদর্শন করুন এবং d75info@schools.nyc.gov ইমেল ঠিকানায় ইমেল করুন।

- **একটি কমিউনিটি হাই স্কুলে স্থানান্তরিত হওয়া**: জেলা **75**-এর বর্তমান **8**ম গ্রেডের শিক্ষার্থী যারা কমিউনিটি হাই স্কুলে স্থানান্তরিত হওয়ার জন্য হাই স্কুলের ভর্তির প্রক্রিয়ার অংশ গ্রহণ করছেন। এই স্থানান্তরণটির ব্যাপারে **8**ম গ্রেডের বার্ষিক পর্যালোচনা সভাতে আলোচনা হওয়া উচিৎ এবং পরিকল্পনা তৈরি করা উচিৎ। কমিউনিটি হাই স্কুল চয়ন এবং বিকল্পগুলির ব্যাপারে আরও জানার জন্য শিক্ষার্থী এবং পরিবারগুলিকে তাদের সহায়তা উপদেষ্টার সাথে কাজ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।
- **জেলা 75 স্কুলে জারি রাখা**: **8**ম গ্রেডের বর্তমান শিক্ষার্থী যারা হাই স্কুল স্কুলে স্থানান্তরণের জন্য একটি বিশেষায়িত জেলা **75** স্কুলে স্থানান্তরিত হচ্ছেন তারা একটি আবেদন এবং নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করবেন যেটি সরাসরি জেলা **75** পরিচালনা করে। আবেদনপত্র সরাসরি শিক্ষার্থীকে প্রদান করা হবে এবং সেগুলি ডিসেম্বর মাসের মধ্যে জমা দিতে হবে। শিক্ষার্থীরা তাদের হাই স্কুল নিয়োগের ব্যাপারে মে অথবা জুন মাসে জেলা **75** নিয়োগ দপ্তরের মাধ্যমে জানতে পারবেন।

হাই স্কুলে বিশেষ শিক্ষা পরিষেবা এবং সহায়তাগুলি

শিক্ষার্থীরা যখন হাই স্কুল স্থানান্তরিত হন তখন তাদের IEPs-এ তালিকা অনুসারে বিশেষ শিক্ষা পরিষেবাগুলি, সহায়তা এবং নির্দেশমূলক কৌশলগুলি প্রদান করা হয় তবে প্রদান করার উপায়গুলি প্রতিটি বিষয় এবং অথবা কার্যকরী ক্ষেত্র এবং স্কুলের নির্দেশনামূলক দৃষ্টিভঙ্গি এবং

শিক্ষাগত কার্যক্রমের ভিত্তিতে ভিন্ন হতে পারে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে বিশেষ শিক্ষার পারিবার নির্দেশিকা দেখুন: http://schools.nyc.gov/Academics/SpecialEducation/tellmemore/importantDocuments.htm .

শিক্ষাগত পরিকল্পনা এবং মাধ্যমিক-পরবর্তী(পোস্ট-সেকেন্ডারি) লক্ষ্যগুলি

শিক্ষার্থী এবং পরিবারগুলিকে মাধ্যমিক-পরবর্তী (পোস্ট-সেকেন্ডারি) লক্ষ্যগুলি নিয়ে ভাবনাচিন্তা করার জন্য উৎসাহিত করা হয় এবং হাই স্কুলের পরবর্তী সময়ে তাদের জীবনের জন্য সঠিক পরিকল্পনা তৈরি করার জন্য স্কুলের সহায়তা কর্মীদের সাথে কাজ করতে যুক্ত করা হয়। শিক্ষার্থীদের ৪ম গ্রেডের IEPs-এ অবশ্যই মাধ্যমিক-পরবর্তী(পোস্ট-সেকেন্ডারি) লক্ষ্যগুলি নির্দিষ্টভাবে উল্লেহ করতে হওয়ার কারণে সাধারণত, এই আলোচনাগুলি মধ্যবর্তী স্কুলের সময় অনুষ্ঠিত হয়। লক্ষ্যগুলি অর্জন করার জন্য কোন শিক্ষাগত কার্যক্রম, মূল্যায়ন এবং স্নাতকতার পথ শিক্ষার্থীকে সবথেকে বেশি সহায়তা প্রদান করবে তা বিবেচনা করার জন্য শিক্ষার্থীম, পরিবারবর্গ এবং স্কুলের কর্মীদের একত্রে কাজ করা উচিৎ। নির্দিষ্ট স্নাতকতা প্রয়োজনগুলি পূরণ করার জন্য শিক্ষার্থীদের IEPs-এ সহায়তা, পরিষেবা, পাঠ্যক্রম, মূল্যায়ন এবং প্রয়োজনীয় কর্মক্ষমতার মাত্রাগুলি প্রতিফলিত হওয়া উচিৎ।

স্নাতকের আবশ্যকতা

নিউ ইয়র্ক শহরের শিক্ষার্থীদের নির্দিষ্ট বিষয়ের কোর্সওয়ার্কে অবশ্যই নূন্যতম 44 নম্বরের ক্রেডিট সম্পূর্ণ করতে হবে এবং হাই স্কুল থেকে স্নাতক হওয়ার জন্য নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। অক্ষম শিক্ষার্থীদের তাদের আগ্রহ এবং লক্ষ্যের ভিত্তিতে যথাযথ এমন সবথেকে কঠিন ডিপ্লোমা বিকল্পগুলি চয়ন করতে উৎসাহিত করা হয়। যোগ্যাতা অর্জনকারী অক্ষম শিক্ষার্থী একটি ডিপ্লোমা বা একটি স্বতন্ত্র শংসাপত্র হিসাবে অডিশনে একটি প্রারম্ভিক শংসাপত্রও লাভ করতে পারেন। এই শংসাপত্রগুলি একটি ডিপ্লোমার সমতূল্য নয়, কিন্তু শিক্ষার্থীদের তাদের প্রবেশ-স্তরীয় কাজের প্রস্তুতি প্রদর্শন করার সুযোগ প্রদান করে। স্নাতকতার আবশ্যকতার ব্যাপারে আরও তথ্যের জন্য, http://www.nyc.gov/schools/RulesPolicies/GraduationRequirements পরিদর্শন করুন এবং আপনার সন্তানের সহায়তা উপেদেষ্টার সাথে কথা বলুন। আবশ্যকতাগুলি বোঝার জন্য নিচের স্নাতকতা আবশ্যকতা কার্ডগুলি পরিবারের জন্য কুইক রেফারেন্স হিসাবে কাজ করে: http://schools.nyc.gov/NR/rdonlyres/531C5296-BC35-43E0-BD29-2D7E29BAB2C7/0/AcpolicySWD.pdf.

পারফরমিং আর্টস হাই স্কুল
আপনার অডিশন/আর্টস পোর্টফোলিও তৈরি

শিল্পকলায় আগ্রহী নিউ ইয়র্ক সিটির এমন শিক্ষার্থীদের জন্য বেশকিছু স্কুল রয়েছে যেগুলো তাদের শৈল্পিক প্রতিভা বিকাশে সহায়তার জন্য নিবেদিত। এসব স্কুল ভর্তি হওয়ার জন্য অ্যাকাডেমিক অ্যাপচিটুডের প্রমাণ দেয়া ছাড়াও শিক্ষার্থীদের অডিশন এবং/অথবা পোর্টফোলিওর মাধ্যমে শক্তিশালী শৈল্পিক দক্ষতার পরিচয় প্রমাণ দিতে হয়।

ভিস্যুয়াল আর্টস অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হবে

ভিস্যুয়াল আর্টস প্রোগ্রামে আবেদন করার সময়ে আপনাকে চার উপায়ে আপনার দক্ষতা ও অঙ্গীকারের প্রমাণ দিতে বলা হতে পারে: আপনার কাজের পোর্টফোলিও, রচনা জাতীয় লেখার অংশ, অনুরোধসাপেক্ষে নতুন কাজ এবং/অথবা ইন্টারভ্যু।

1 পোর্টফোলিও

ভিস্যুয়াল আর্টস পোর্টফোলিও ভিস্যুয়াল আর্টস অডিশনের একটি গুরুত্বপূর্ণ অংশ। একটি সুচিন্তিত পোর্টফোলিও হাই স্কুল পর্যায়ের কাজে আপনার শক্তি ও সম্ভাবনার প্রমাণ দেয়। এটি আপনার সেরা প্রচেষ্টার প্রমাণ দেখানর সুযোগ। স্কুলগুলোর নিজস্ব চাহিদার মধ্যে পার্থক্য থাকতে পারে। পুরো তথ্যের জন্য স্কুলের ওয়েবসাইট দেখুন। নিচের গাইডলাইনগুলো আপনাকে একটি প্রতিযোগিতামূলক পোর্টফোলিও সমন্বয়ে সাহায্য করবে।

উপস্থাপনা: একটি মজবুত, উঁচুমানের পোর্টফোলিও কেস ব্যবহার করার মাধ্যমে আপনি আপনার কাজ সুরক্ষিত এবং ভাল ধারণা সৃষ্টি করতে পারেন। পরিচ্ছন্ন এবং আকর্ষণীয় উপস্থাপনা অত্যন্ত গুরুত্বপূণ। এটা মূল্যায়ন কমিটিকে বলে আপনি আপনার কাজের যত্ন নিয়েছেন এবং আপনি এর জন্য গর্বিত বোধ করেন।

আপনার কাজগুলো হবে:

পরিষ্কার, নিটোল এবং সুআকৃতির

ফ্রেম না করা

পেছনে লেখা থাকবে:

- ✓ আপনার নাম
- ✓ স্কুলের নাম
- ✓ পদবি
- ✓ কাজের তারিখ
- ✓ হয় "তত্বাবধানে" অথবা "তত্বাবধান ছাড়া"

শিল্পকর্মের সংখ্যা ও ধরন স্কুলভেদে এটি বিভিন্ন হয়ে থাকে, কোন কোন কর্মসূচি ছয়টি কাজ চায় আবার অন্যরা ১০ থেকে ২০টির মধ্যে চেয়ে থাকে। কোন কোন স্কুল শুধু দ্বিমাত্রিক কাজ দেখতে বলে আবার কেউ কেউ আপনাকে ত্রিমাত্রিক কাজের ছবি অন্তর্ভুক্ত করতে দেবে। ত্রিমাত্রিক কাজের ডিজিটাল/ছবি জমা দেয়ার সময়ে প্রতিটিতে লেবেলযুক্ত করুন এবং প্রেজেন্টেশন স্লিভ অথবা অন্য কোন সুচারু প্যাকেটে করে জমা দিন।

বিষয়বস্তু পোর্টফোলিও সমন্বিত করার সময়ে আপনার সেরা কাজগুলো সযত্নে বেছে নিন। "কমই অনেক" হচ্ছে একটি চমত্কার গাইডলাইন! এগুলো বিবেচনা করুন:

বর্তমান শিল্পকর্ম নির্বাচন করুন (৭ম অথবা ৮ম গ্রেডে সম্পন্ন কাজ)।

স্কুল স্কেচবুক দেখতেও পছন্দ করে।

সাম্প্রতিক (৭ম অথবা ৮ম গ্রেডে সম্পন্নকৃত) শিল্পকর্ম বেছে নিন।

কোন বিখ্যাত শিল্পীর রীতিতে করা কাজ বা কপিকৃত শিল্পকর্ম (ফোটো থেকে কপি করা কাজসহ) অন্তর্ভুক্ত করবেন না।

বেশির ভাগ কাজ হবে পর্যবেক্ষণ থেকে তবে আপনি কল্পনা বা স্মৃতি থেকে করা কিছু কাজও অন্তর্ভুক্ত করতে পারেন।

কার্টুনের সংখ্যা ন্যূনতম রাখতে হবে (পোর্টফোলিও: ***বিষয় বিবেচনা পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)***

পারফরমিং আর্টস হাই স্কুল আপনার অডিশন/আর্টস পোর্টফোলিও তৈরি

নির্বাচিত কর্মগুলোতে কম্পোজিশন এবং ডিজাইনের রীতি সম্পর্কে আপনার ধারণা প্রকাশিত হবে:

- ✓ ইউনিটি
- ✓ ব্যালান্স
- ✓ রিপিটিশন
- ✓ ভ্যারিইটি
- ✓ এমফ্যাজিজ
- ✓ প্রোপোর্শন
- ✓ রিদম
- ✓ ফিগার-গ্রাউন্ড রিলেশনশিপ
- ✓ স্কেল

কোন ধারণার গভীর অনুসন্ধান বোঝানর জন্য আপনি থিম্যাটিক কাজ নির্বাচন করতে পারেন অথবা আগ্রহের বৈচিত্র্য প্রকাশে নানা ধরনের কাজ অন্তর্ভুক্ত করতে পারেন।

আপনি একাধিক মিডিয়া ব্যবহার (যেমন ড্রইং, পেইন্টিং, প্রিন্টমেকিং, মিডিয়া টেকনলজি ইত্যাদি) করে কাজ তৈরি করতে পারেন বিভিন্ন উপকরণে, সামগ্রীতে এবং টেকনিকে আপনার দক্ষতার প্রমাণ দিতে।

•আপনার পছন্দের স্কুলগুলোরে পোর্টফোলিওর শর্ত হাই স্কুল ডিরেক্টরি এবং স্কুলের ওয়েবসাইটে পর্যালোচনা করুন।
ডিরেক্টরি এবং স্কুলের ওয়েবসাইটে

2 রচনা অংশ

কোন কোন স্কুল শিক্ষার্থীদের রচনা বা কেন তারা একটি নির্দিষ্ট স্কুলে পড়তে চায় সে সম্পর্কিত কিছু প্রশ্নের উত্তর লিখতে বলা হতে পারে। আপনাকে দুটি শিল্পকর্মের মধ্যে তুলনা করতেও বলা হতে পারে। স্কুল আপনার লেখার বিষয়বস্তু এবং ভাষা জ্ঞানের স্তর বিচার করবে। পরীক্ষার জন্য আপনি পেশ করবেন এমন যেকোন লেখায় যেরকম হয়, আপনার অডিশনের রচনা অংশ হবে:

- সুবিন্যস্ত
- নির্ভুল বাক্যগঠন, বানান, যতিচিহ্ন এবং অনুচ্ছেদ সমৃদ্ধ
- প্রশ্নগুলোর উত্তর দেবে

রচনা অংশ যুক্ত করা হয়েছে যাতে আপনি ভিস্যুয়াল আর্টস অধ্যয়নে অঙ্গীকার এবং এই স্কুলে ভর্তি হওয়ার ব্যাপারে আগ্রহ ব্যক্ত করতে পারেন।

3 অনুরোধের প্রেক্ষিতে নতুন শিল্পকর্ম সম্পন্ন করা

অনেক স্কুল আপনাকে "তাত্ক্ষণিকভাবে" এক বা দুটি কর্ম সম্পন্ন করতে বলতে পারে। বেশি প্রচলিত শিল্পকর্মগুলোর মধ্যে আছে দেখে কোন প্রাণী বা নিষ্প্রাণ বস্তুর ছবি আঁকা, যদিও আপনাকে স্মৃতি থেকে কোন বস্তু আঁকতে বলা হতে পারে। কাজগুলো সাধারণত ৮.৫" x ১১" কাগজে করা হয়। ড্রইং পেনসিল ও ইরেজার সঙ্গে আনবেন। পরীক্ষকরা অডিশনের পরিধির মধ্যে কাজটিতে আপনার কল্পনাশক্তি ও সৃষ্টিশীল ক্ষমতার প্রয়োগ দেখবেন।

4 সাক্ষাত্কার

স্কুলগুলো তাদের অ্যাডমিশন প্রক্রিয়ায় ইন্টারভিউ অন্তর্ভুক্ত করতে পারে। এক স্কুল থেকে অন্য স্কুলের প্রশ্ন এবং পদ্ধতি আলাদা হতে পারে, তবে মনে রাখবেন:

- স্থৈর্য ও স্ব-উপস্থাপন গুরুত্বপূর্ণ
- মনোভাব গুরুত্বপূর্ণ; শিক্ষক ও অন্যান্য শিক্ষার্থীদের সম্মান প্রদর্শন করুন
- ভিসুয়াল আর্টসে আপনার অঙ্গীকার ব্যক্ত করুন
- মনোযোগ দিয়ে শুনুন এবং য প্রশ্নটি আপনাকে করা হয়েছিল সরাসরি তার উত্তর দিন। সম্ভাব্য প্রশ্ন:
  - o এই স্কুলকে আপনি অডিমনের জণ্য বেছে নিয়েছেন কেন?
  - o পোর্টফোলিওতে কী অন্তর্ভুক্ত করবেন কীভাবে ঠিক করেছেন?
  - o সম্প্রতি আপনি কোন মিউজিয়ম বা গ্যালারি পরিদর্শন করেছেন?
  - o ভবিষ্যতে, এখানে আপনি যে শিল্পকলা শিক্ষা লাভ করবেন তা কীভাবে ব্যবহার করবনে বলে মনে করেন?

সাক্ষাত্কার খুব সম্ভবত আলাপের ঢংয়ে অনুষ্ঠিত হবে। আপনার কাছে আপনার সামাজিক-সাংস্কৃতিক প্রেক্ষাপট, ভিসুয়াল আর্টস সম্পর্কে ধ্যান-ধারণা ও আগ্রহ সম্পর্কে জানতে চাওয়া হতে পারে। এটি বন্ধুসুলভ আলাপ হবে: সাক্ষাত্কারীরা চান আপনি স্বাচ্ছন্দ্যবোধ করুন।

পারফরমিং আর্টস হাই স্কুল আপনার অডিশন/আর্টস পোর্টফোলিও তৈরি

ড্রামা/থিয়েটার অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হবে

শর্তাবলি একেক স্কুলের অডিশনের শর্ত একেক রকম--আপনার হাই স্কুল ডিরেক্টরি দেখুন সুনির্দিষ্টভাবে শর্ত জানতে। সাধারণভাবে শিক্ষার্থীদের যেসব কাজ করতে হতে পারে:

দুটো শিখে আসা মনোলগ পাঠ। মনোলগ দুটি ভিন্ন ভিন্ন স্টাইলের হতে হবে (যেমন, একটি কমিক এবং অন্যটি ড্রামাটিক) এবং নিচের শ্ত পূরণ করতে হবে:

- সব মনোরগ প্রকাশিত হতে হবে। শিক্ষার্থীর নিজের লেখা অথবা ইন্টারনেট মনোলগ যথাযথ নয়।
- সব মনোলগ ১-২ মিনিট লম্বা হবে।
- মনোলগের চরিত্রগুলো বয়সোপযোগী হতে হবে।
- সাধারণভাবে ক্লাসিকার থিয়েটার অথবা ভার্স, যেমন শেক্সপিয়ার, নিরুত্সাহিত করা হয় যদি না শিক্ষার্থী জটিল ভাষায় সত্যিকারের দক্ষতা দেখাতে পারে।

থিয়েটার গেমস অথবা ইমপ্রোভাইজেশনে অংশগ্রহণ যাতে দলগতভঅবে বা আলাদাভাবে অডিশনের সময়ে শিক্ষার্থীদের যোগ্যতা বোঝা যায়।

মৌখিকভাবে প্রশ্নের উত্তর দান কেন থিয়েটার কর্মসূচিতে এবং সুনির্দিষ্টভাবে ওই স্কুলে পড়তে আগ্রহী। অডিশনগ্রহণকারীরা জানতে আগ্রহী হবেন শিক্ষার্থীরা এই নির্দিষ্ট স্কুলে পড়তে এবং থিয়েটার কর্মসূচির কঠোর কাজ করতে তৈরি।

ব্রডওয়ে মিউজিকাল থেকে গান গাওয়া (যারা সঙ্গীত থিয়েটার কর্মসূচির জন্য আবেদন করছে শুধু তাদের জন্য)। আলাদাভাবে স্কুলগুলোর সঙ্গে যোগাযোগ করুন তাদের মিউজিক্যাল থিয়েটার অডিশনের শর্ত জানার জন্য।

দ্রষ্টব্য : স্কুলগুলো শিক্ষার্থীদেরকে তাদের মনোলগ দ্বিতীয়বারে মত পাঠে ডাকতে পারে। "ফিরতি পাঠে" বাড়তি প্রস্তুতির দরকার করে না সাধারণত।

মনোলগের বৈশিষ্ট শিক্ষার্থী যাচাইয়ে স্কুলগুলোর শর্তাবলি আলাদা হয়ে থাকে। তবে অডিশনগুলো হতে পারে:

- ✓ ড্রামাটিক বোধ
- ✓ চরিত্রায়ন
- ✓ বাচন
- ✓ যোগাযোগের স্বচ্ছতা
- ✓ কস্ট্যুম অথবা প্রপ নয়

মনোলগ প্রস্তুত: অডিশনের মনোলগ বিভিন্ন ধরনের প্রিন্ট ও ও প্রকাশিত উত্স থেকে পাওয়া য়ায়। অনুগ্রহ করে এই বিষয়গুলো বিবেচনা করুন: আপনি হয় একটি স্বতন্ত্র মনোলগ নির্বাচন করবেন অথবা কোন নাটক থেকে সরাসরি মনোলগ নিয়ে আপনার প্রয়োজন মাফিক সম্পাদনা করে নিতে পারেন। যদি কোন নাটক থেকে মনোলগ নির্বাচন করেন, তাহলে যে-নাটক থেকে মনোলগটি গ্রহণ করা হয়েছে সেটি পুরো মনে রাখবেন। আপনি যে চরিত্রে অভিনয় করছেন সেটি পড়ে এবং অভিনয় করে চরিত্রটি ভাল করে বুঝে নেবেন।

নিচে কয়েকটি প্রকাশিত মনোলগ বইয়ের তালিকা দেয়া হল বিবেচনা করার জন্য। এসব বই লভ্য অনলাইনে অথবা Drama Bookshop, 250 W 40th St., New York, NY 10018: (212) 944-0595. লিংকন সেন্টারের পারফর্মিং আরটস লাইব্রেরিও মনোলগ বইয়ের জন্য ভাল রিসোর্স।

- শিক্ষার্থী অভিনেতাদের জন্য অডিশন মনোলগ: Selections from Contemporary Plays by Roger Ellis
- Red Licorice: Monologues for Young People by Carole Tippit
- Monologues for Young Actors by Lorraine Cohen
- 100 Great Monologues: A Versatile Collection of Monologs, Duologs and Trilogs for Student Actors by Rebecca Young
- Multiplicity: A Collection of Monologues for Student Performance by R. James Scott & Bianca Cowan

উপরের মাপকাঠির জন্য শিক্ষার্থীদেরকে মনোলগ পরিবেশনা শেখাতে হবে। আপনার স্কুলে থিয়েটার শিক্ষক থাকলে প্রস্তুতির জন্য তার সাহয্য নিন। ইংরেজি শিক্ষকও সাহায্য করতে পারবেন।

অডিশনে, শিক্ষার্থীদের নিজেদের নাম, মনোলগ নির্বাচন এবং লেখকের নাম বলর জন্য তৈরি থাকতে হবে। উদাহরণস্বরূপ: "আমার নাম _____ . আমি অ্যানের মনোলগ ফ্রানচেস গুদরিচ এবং অ্যঅলবার্ট হ্যাকেট বিরচিত দি ডায়ারি অভ অ্যান ফ্র্যাং থেতে অভিনয় করব।"

পারফরমিং আর্টস হাই স্কুল আপনার অডিশন/আর্টস পোর্টফোলিও তৈরি

মিউজিক্যাল আর্টস অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হবে

আপনার অডিশন রেপার্তুয়া নির্বাচন এবং অনুশীলন

- অডিমনের অনেক আগে রেপার্তুয়া নির্ধঅরণ করুন।
- এমন সঙ্গীত পছন্দ করুন যেটি সুনির্দিষ্টভাবে সলো ইনস্ট্রুমেন্ট অথবা কণ্ঠের জন্য (এমন সঙ্গীত নয় যার জন্য আপনার ইনস্ট্রুমেন্ট বা গীত অংশ ইনস্ট্রুমেন্ট বা কন্ঠর জন্য হারমনি জোগায়)।
- এমন মিউজিক পছন্দ করুন যেটি আপনার সামর্থ্যকে তুলে ধরে। একটি দুরূহ নির্বাচন ভাল বাজালে বা গাইলে তাতে আপনর দক্ষতার পরিচয় মিলবে। তবে অপেক্ষাকৃত সহজ নির্বাচন খুব ভাল গাইলে এবং স্বরের ওঠা-নামা ভাল হলে সেটাও আবেদন সৃষ্টি করতে পারে।
- অনুশীলন করার সময় ধীর অভিব্যক্তিমূলক অংশগুলো সাবধানে ঠিক করুন যেমন করবেন দ্রুত-লয়, কারিগরীভাবে কঠিন অংশগুলোর জন্য।
- আপনার দুর্বল এলাকাগুলো শনাক্ত করে সেগুলো অনুশীলন করুন। আপনার সামর্থ্য বৃদ্ধি করুন যাতে আপনার সঙ্গীতের সব অংশে আপনার সমান দক্ষতা ফুটে উঠে।
- পিচ এবং রিদমে সাহায্যলাভে অনুশীলনের শুরু দিকে টিউনার ও মেট্রোনোম ব্যবহার করুন।
- দর্শক-শ্রোতার সামনে আপনার রেপার্তুয়া পরিবেশন অনুশীলন করুন। আপনার কর্মসম্পাদনা ও সারিবক পরিবেশনার ব্যাপারে তাদের মতামত প্রার্থনা করুন।
- রোজ সাইট-রিডিং অনুশীলন করুন।

ভোকাল অডিশন

- স্মৃতি থেকে কমপক্ষে দুটি আলাদা রীতির গান তৈরি করুন। তবে আপনাকে দ্বিতীয় নির্বাচনটি গাইতে না বলাও হতে পারে।
- সম্ভব হলে একটি গান বিদেশি ভাষায় প্রস্তুত করুন।
- মিউজিক্যাল থিয়েটার প্রোডাকশন, আমেরিকান ট্রাডিশন, ওয়ার্ল্ড ফোক ট্রাডিশন অথবা আর্ট সং থেকে গান বাছাই করুন। অনুগ্রহ করে মনে রাখবেন বেশির ভাগ স্কুল আরঅ্যান্ডবি, রক এবং রক সিলেকশন অডিশনের জন্য নিরুত্সাহিত করেন। প্রত্যেক স্কুলের পছন্দ চেক করুন।
- অডিশনারের পিচ, একো রিদম এবং মেলোডির সঙ্গে মেলানার জন্য তৈরি থাকবেন।
- ভোকাল রেঞ্জ ও প্লেসমেন্টের প্রমান দেয়ার জন্য ভোকালাইজ (আর্পেজিও, লিপ, রান ইত্যাদি) তৈরি করুন।

ইনস্ট্রুমেন্টাল অডিশন

- এমন একটা সঙ্গীত তৈরি করুন যেটা শেষ অবধি বাজিয়ে যাওয়া যায়।
- বিপরীতধর্মী স্টাইল বা টেম্পোর আরেকটি নির্বাচন বাজানর জন্য তৈরি থাকুন। তবে আপনাকে দ্বিতীয় নির্বাচনটি গাইতে না বলাও হতে পারে।
- একটি ছোট মিউজিক্যাল প্যাসেজ সাইট রিড করারি জণ্য প্রস্তুত থাকবেন (৪-৮ মেজার)।
- কমপক্ষে একটি স্কেল বাজান এবং স্মৃতি থেকে সব আবশ্যক স্কেল জানার জন্য তৈরি থাকবেন। তবে আপনার শিখে আসা অডিশন সিলেকশনের সময়ে শিট মিউজিক ব্যবহার গ্রহণযোগ্য।

রেপার্তুয়া নির্বাচনের রিসোর্স

- রেপার্তুয়া নির্বাচনের সময়ে আপনার মিউজিক টিচারকে জিজ্ঞেস করুন।
- নিউ ইয়র্ক স্টেট মিউজিক অ্যাসোসিয়েশন ম্যানুয়াল ২৮ সংস্করণ এ প্রফেশনাল রিসোর্স ফর টিচার্স অ্যান্ড কনডাক্টর্স বইয়ে সব ধরনের গলা ও ইনস্ট্রুমেন্টের জন্য গ্রেডকৃত রেপার্তুয়া তালিকা রয়েছে। কোন লাইব্রেরিতে এটি রয়েছে এবং www.nyssma.org থেকে ৪৭-৫৫ ডলারে কেনা যায়।
- আপনি এসব দোকানে আপনার রেপার্তুয়ার জন্য শিট মিউজিক কিনতে পারবেন: স্যাম আশ মিউজিক, দি গিটার সেন্টার স্টোর্স, মিউজিক টাইম (অনলাইন), জি.ডব্লু. পেপার (অনলাইন), কাতালানো মিউজিক (লং আইল্যান্ড)

সাধারণ অডিশন পরামর্শ

- ✓ ভুল করে ফেললেও অডিশন অব্যাহত রাখুন। উত্তেজিত বা বিমূঢ় হবেন না। অ্যাডজুডিকেটর আপনার সম্ভাবনা নির্ণয়ে অত্যন্ত আগ্রহী।
- ✓ অ্যাডজুডিকেটর যদি বলেন আপনার প্যাসেজের পরিবেশনা বদলাতে, এর অর্থ এই নয় যে আপনি ভুল বাজিয়েছেন বা গেয়েছেন। তিনি হয়ত দেখতে চাইছেন কত দ্রুত আপনি ফিডব্যাক ধরতে পারেন এবং শুধরাতে পারেন।

পারফরমিং আর্টস হাই স্কুল আপনার অডিশন/আর্টস পোর্টফোলিও তৈরি

ড্যান্স অডিশনের জন্য কীভাবে প্রস্তুতি নিতে হবে

শর্তাবলি একেক স্কুলের অডিশনের শর্ত একেক রকম--আপনার হাই স্কুল ডিরেক্টরি দেখুন সুনির্দিষ্টভাবে শর্ত জানতে। সাধারণভাবে শিক্ষার্থীদের যেসব কাজ করতে হতে পারে:

নাচের ক্লাসে অংশগ্রণ করুন। ড্যান্স ক্লাসে সাধারণত ব্যালে ও মডার্ন ড্যান্স এর কম্বিনেশন থাকে, যদিও কোন কোন স্কুলে প্রতিটি স্টাইলের জন্য আলাদা ক্লাস দরকার হতে পারে। কোন কোন স্কুল শিক্ষার্থীদেরকে ক্লাসে অন্যান্য ধরনের ড্যান্স, যেমন জ্যাজ অথবা ইম্প্রভাইজেশন করে দেখাতে বলতে পারে।

সলো ড্যান্স পারফর্ম।

- সলোতে শিক্ষার্থীর সেরা ড্যান্স এবং পারফর্ম্যান্স সামর্থ্য উপস্থাপন করা উচিত।
- শিক্ষার্থীদের শৌলিক কোরিওগ্রাফির একটি সলো ড্যান্স শিখতে হবে, যদিও কোন কোন স্কুল শিক্ষার্থী ব্যতীত অন্য কারো কোরিওগ্রাফ করা ড্যান অনুমোদন করতে পারে।
- সলো ব্যালে বা মর্ডান স্টাইলের পরিবর্তে অন্যকিছু হতে পারে (যেমন জ্যাজ, আফ্রিকান, বা ইনডিয়ান ক্ল্যাসিক্যাল ড্যান্স) যদি সেটা শিক্ষার্থীর প্রাথমিক ট্রেনিংয়ের বিষয় হয়ে থাকে।
- স্কুল সলো ড্যান্সের সময় ১ থেকে ৩ মিনট দৈর্ঘ্যের চাইতে পারে।
- কোন কোন স্কুলে শিক্ষার্থীদের নিজস্ব সলো ড্যান্স করতে দেয়। অন্যান্য স্কুলে শুধু যেসব শিক্ষার্থীকে টেকনিক্যাল ক্লাসের ডেকে পাঠান হয় তারাই সলো ড্যান্স করে।

লিখিত অডিশন দেয়া। কোন কোন স্কুলে শিক্ষার্থীদেরকে ওই স্কুলের প্রতি তাদের আগ্রহের কারণ উল্লেখ করে রচনা লিখতে হয় অথবা নাচের জ্ঞান নিরূপণে লিখিত পরীক্ষায় অংশ নিতে হয়।

নাচের মাপকাঠি স্কুলভেদে শিক্ষার্থীদের মূল্যায়নের ধরন আলাদা হয়ে থাকে। তবে এই মাপকাঠি মনে রাখাবেন:

স্থিরতা ও পোশাকআশাক, যা পরিচ্ছন্নতা ও মনোযোগের মধ্যে প্রকাশিত হয়
মনোভাব: যথাযথ ক্লাসরুম আচরণ, শিক্ষক ও সহপাঠীদের সম্মান প্রদর্শন, নাচের প্রতি অঙ্গীকার এভং শেখার আগ্রহ
কারিগরি সামর্থ্য: নতুন মুদ্রা বোঝা, মৌখিক ও প্রদর্শিত সংশোধন এবং সঙ্গে সঙ্গে কাজ পরিমার্জনের ক্ষমতার মধ্য দিয়ে নাচের টেকনিক ও সামর্থ্যর ক্ষেত্রে প্রদর্শিত সাফল্য
দেহের ভারসাম্য: অঙ্গপ্রত্যঙ্গের পারস্পরিক সম্পর্ক সম্বন্ধে প্রাথমিক ধারণা
সঙ্গীতময়তা ও লয়
সৃষ্টিশীলতা, ইমপ্রোভাইজেশন এবং শিক্ষার্থীর সলো কোরিওগ্রাফে যা মূর্ত হয়
পরিবেশন দক্ষতা: অডিয়েন্সের সঙ্গে সংযোগ স্থাপনের সামর্থ্য
নাচের সাধারণ ধারণা, মুদ্রা এবং/অথবা মৌখিক বা লিখিত রূপে যা প্রামণিত হয়

পোশাক: শিক্ষার্থীদের ব্যালে এবং আধুনিক নাচের উপযোগী পোশাক পরে আসতে হবে: ফুটলেস টাইট, লিওটার্ড, সফট ব্যালে স্লিপার (পয়েন্টি শু চলবে না সুনির্দিষ্ট অনুরোধ ব্যতীত)। অন্যান্য সুপারিশ:

একরঙা কাপড় পরবে-কোন ফ্যান্সি নকশা বা প্যাটর্ন চলবে না। পেট দেখান পোশাক পরবে না।

ব্যাগি শার্ট অথবা ব্যাগি প্যান্ট পরবে না।

চুল লম্বা হলে পরিপাটি করে টেনে পেছনে খোপা বা ঝুঁটি বাঁধতে হবে আর ছোট হলে আঁচড়াতে হবে। এটি ছেলেমেয়ে সবার ক্ষেত্রে প্রযোজ্য।

মনে করে আপনার অডিশনে সঙ্গে আনবেন

- ✓ আপনার অডিশন টিকেট
- ✓ আপনার নাচের পোশক ও জুতো
- ✓ পেন/পেনসিল
- ✓ সলোর জন্য টেপ অথবা সিডি
- ✓ হালকা স্ন্যাক

অনুগ্রহ করে পূরণ করে চলে যাওয়ার সময়ে "সার্ভে" লেখা বাক্সে ফেলুন।

২০১৫ স্পেশালাইজড় হাই স্কুল ভর্তি সম্পর্কিত সামার কর্মশালার পরিচিতি

আমি

- ☐ আমার পিতামাতা/অভিভাবকের সাথে অংশ নিয়েছি
- ☐ শিক্ষার্থী হিশেবে একাই অংশ নিয়েছি
- ☐ পিতামাতা/অভিভাবক যে সন্তান ছাড়াই অংশ নিয়েছি
- ☐ অন্য_____

এই হেমন্তে, আমি/আমার সন্তান প্রবেশ করছি:

- ☐ ৭ম গ্রেড
- ☐ ৮ম গ্রেড
- ☐ ৯ম গ্রেড
- ☐ অন্য _____

আমি/আমার সন্তান বর্তমানে ভর্তি আছে:

- ☐ নিউ ইয়র্ক সিটি পাবলিক ডিওই স্কুলে
- ☐ নিউ ইয়র্ক সিটি চার্টার স্কুলে
- ☐ নিউ ইয়র্ক সিটি নন-পাবলিক স্কুলে
- ☐ অন্য_____

আমার জিপ কোড:_____

আপনি যদি হাই স্কুল ভর্তি সম্পর্কিত হালনাগাদ ইমেইল পেতে আগ্রহী হন, তাহলে আপনার ইমেইল ঠিকানা দিয়ে সাইন আপ করুন:

_____

---

1) আপনি কি গত সপ্তাহে হাই স্কুলে ভর্তি সম্পর্কিত সামার কর্মশালার পরিচিতি অনুষ্ঠানে যোগ দিয়েছেন?

☐ হ্যাঁ ☐ না

2) **আজকের মেলার সবচেয়ে কাজের অংশ ছিল.....**(একটি বেছে নিন)

- ☐ লাগোর্ডিয়ার অডিশন সম্পর্কে জানা
- ☐ স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (এসএইচএসএটি)
- ☐ পরীক্ষায় প্রদত্ত বিশেষ সুবিধা সম্পর্কে জানা
- ☐ স্পেশালাইজড় হাই স্কুল প্রতিনিধি প্যানেলের সাথে প্রশ্ন এবং উত্তর পর্ব
- ☐ পরীক্ষা গ্রহণকারী স্কুলসমূহে কীভাবে আসন প্রদান করা হয় সেবিষয়গুলো জানা
- ☐ অন্য _____

3) **আজ কোন নতুন বিষয়টি আজ আপনি জানতে পেরেছেন?**

_____

_____

4) **স্পেশালাইজড় হাই স্কুলে আবেদনের আগে আপনি নিচের কোন জিনিসটি(যদি কোন কিছু থেকে থাকে) করবার পরিকল্পনা করছেন?**
(প্রযোজ্য সবটিতে চিহ্ন দিন)

- ☐ আমার গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলতে
- ☐ ২০১৫-২০১৬ *স্পেশালাইজড় হাই স্কুল স্টুডেন্ট হ্যান্ডবুকে* প্রদত্ত স্কুলগুলোর বৈশিষ্ট্য পড়তে
- ☐ ২০১৫-২০১৬ *স্পেশালাইজড় হাই স্কুল স্টুডেন্ট হ্যান্ডবুকে* প্রদত্ত নমুনা এসএইচএসএটি প্রশ্নসমূহের উত্তর দিতে
- ☐ অন্য উপায়ে এসএইচএসএটি পরীক্ষার প্রস্তুতি নিতে(নিচে বিবরণ দিন)

5) **আপনার কি স্পেশালাইজড় হাই স্কুলে অডিশন অথবা পরীক্ষা দেবার পরিকল্পনা আছে?** (প্রযোজ্য সবটিতে চিহ্ন দিন)

- ☐ হ্যাঁ, অডিশন দেবার
- ☐ হ্যাঁ, পরীক্ষা দেবার
- ☐ না
- ☐ অনিশ্চিত

6) **হাই স্কুল কর্মসূচি যেখানে আপনি আবেদন করতে আগ্রহী সেগুলোর বিষয়ে চিন্তার সময়ে কোন জিনিসটি আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ মনে হয়েছে?**

(৫টি ক্রমানুসারে সাজান যেখানে ১ আপনার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ)

— যাতায়াত সময়
— যেখানে শিক্ষার্থীর বড় ভাই-বোন অথবা পরিবারের অন্য সদস্য পড়ছে
— কর্মসূচির আগ্রহের বিষয়(যেমন এঞ্জিনিয়ারিং)
— ভর্তি পদ্ধতি(যেমন সীমিত অবাছই কর্মসূচি।পরীক্ষা)
— ভর্তি হবার সুযোগ কতটা
— স্কুল এবং আশেপাশের জায়গা কতটা নিরাপদ
— স্কুলের সাইজ
— গ্রাজুয়েশনের হার
— যেসব উচ্চতর পাঠ্যক্রমের(এপি) কোর্স প্রদান করা হয়
— যেসব খেলাধুলার ব্যবস্থা রয়েছে
— যেসব পাঠ্যক্রম বর্হিভূত কর্মকাণ্ড রয়েছে(যেমন স্কুল ক্লাবসমূহ)
— গাইডেন্স কাউন্সেলরের মতামত
— স্কুল যদি অন্য স্কুলের সাথে স্থান শেয়ার করে
— পোশাকবিধির অবশ্যিকতা
— অন্য (নিচে উল্লেখ করুন)

_____

7) **আপনি এই কর্মশালা সম্পর্কে কীভাবে জেনেছেন?**

- ☐ ডিপার্টমেন্ট অভ এডুকেশনের পোস্টকার্ড
- ☐ ডিপার্টমেন্ট অব এডুকেশনের ইমেইল তালিকা
- ☐ আমার স্কুল/আমার সন্তানের স্কুল
- ☐ সামাজিক মাধ্যমসমূহ(যেমন ফেসবুক, টুইটার)
- ☐ হাই স্কুল অ্যাডমিশন কর্মশালার সূচনাতে
- ☐ অন্য

8) **আপনি কি এই কর্মশালাটির উপকারিতা সম্পর্কে অন্যান্য পরিবারকে অবহিত করবেন?**

☐ হ্যাঁ ☐ না

অন্য কোন ভাবনা/পরামর্শ থাকলে অনুগ্রহ করে লিখুন:

_____

_____

অনুগ্রহ করে অপর পৃষ্ঠায় সমীক্ষাটি পূরণ করুন এবং চলে যাওয়ার সময় ‘SURVEYS’ বক্সে ফেলে দিন।